দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 27 ...
পৃষ্ঠা 7 কলাম ...

# চট্টগ্রাম ভার্সিটিতে ছাত্রলীগ শিবির প্রচণ্ড সংঘর্ষ

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা :** রবিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ ও শিবিরের মধ্যে প্রায় দুই ঘণ্টাব্যাপী বিক্ষিপ্ত সংঘর্ষে উভয় সংগঠনের প্রায় ৩০ জন নেতাকর্মী আহত হয়েছে। তন্মধ্যে ১০ জনের অবস্থা গুরুতর। এই সংঘর্ষের মধ্য দিয়ে ক্যাম্পাস হলসমূহে ছাত্রলীগ অনেকটা পূর্ণ নিয়ন্ত্রণ গ্রহণ করেছে। শিবির ক্যাম্পাসের বাইরে অবস্থান করছে। বিশ্ববিদ্যালয়ে ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়েছে। এ ঘটনার জন্য ছাত্রলীগ ও শিবির পরস্পরকে দায়ী করেছে।

রবিবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের শাহজালাল হলে একটি পোস্টার ছেঁড়াকে কেন্দ্র করে ছাত্রলীগ ও শিবির কর্মীদের মধ্যে

(১১ পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## চট্টগ্রাম ভার্সিটিতে

(প্রথম পাতার পর)

সংঘর্ষ বাধে। পরবর্তী সময়ে খবর ছড়িয়ে পড়লে ক্যাম্পাসের বিভিন্ন স্থানে উভয় সংগঠনের মধ্যে বিক্ষিপ্ত সংঘর্ষ শুরু হয়। ছাত্রলীগ ও শিবিরের নেতাকর্মীরা পরস্পরের ওপর লাঠিসোটা ও লোহার রড নিয়ে ঝাঁপিয়ে পড়ে এবং বৃষ্টির মতো ইটপাটকেল নিক্ষেপ করতে থাকে। এ সময় ছাত্রলীগের ১৫জন ও শিবিরের ১৫জন নেতাকর্মী আহত হয়েছে। তন্মধ্যে ছাত্রলীগের ৫জন ও শিবিরের ৮জনকে গুরুতর আহত অবস্থায় চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। সংঘর্ষ চলাকালে সাধারণ ছাত্রছাত্রীরা প্রাণভয়ে দিগ্বিদিক ছোটাছুটি করতে থাকে। পরে পুলিশ ৪/৫ রাউন্ড ফাঁকা গুলিবর্ষণ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।